সিলেটে দিনভর জামায়াতের আমীর ডা: শফিকুর রহমানের ত্রাণ বিতরণ

চেম্বার ডেস্ক:: বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা: শফিকুর রহমান বলেছেন, দেশের যে কোন দুর্যোগে জামায়াত মানবতার কল্যাণে কাজ করে আসছে। সিলেটের বর্তমান দুর্যোগেও জামায়াত বন্যাদূর্গতদের পাশে রয়েছে। জামায়াত মানবতার কল্যানে কাজ করায় আমাদেরকে ঘরে বসতে দেয়া হয়না, মানুষের সাথে মেশার সুযোগ দেয়া হয়না, জেল-জুলুম নিপীড়ন নির্যাতন এবং ফাসিতে ঝুলানো হয়। সীমাহিন জুলুম অত্যাচার ও কোন ষড়যন্ত্রই মানবতার কল্যানে কাজ করা থেকে আমাদের বিরত রাখা যাবেনা। শত প্রতিকূলতা ও সীমাবদ্ধতা থাকা স্বত্ত্বে মজলুম সংগঠন বাংলাদেশ জামায়াতে ইসলামী বন্যাদূর্গতদের পাশে সাধ্যমত সহযোগিতার হাত প্রসারিত করেছে। সামর্থ অনুযায়ী বিত্তবানদের বন্যার্তদের পাশে দাঁড়ানো উচিত।
তিনি বলেন, সিলেট নগরীর কিছু জায়গা ব্যতিত প্রায় পুরো শহর বন্যা কবলিত, সিলেটের বিভিন্ন উপজেলা এবং পুরো সুনামগঞ্জ শহর এখন পানির সাগর। চতুর্দিকে বন্যার্ত মানুষের আহাকার ও আর্তনাদ। এই কঠিন মুসিবত থেকে রক্ষার জন্য বেশী করে আল্লাহর দরবারে প্রার্থনা করতে হবে। ইনশাআল্লাহ এই বিপদ থাকবেনা। সকলের সম্মিলিত প্রচেষ্টায় চল দুর্যোগ শেষ হবে। জামায়াতে ইসলামী সাধ্য অনুযায়ী বন্যার্ত ও বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে ছিল, আছে এবং ভবিষ্যতেও থাকবে। ইনশাআল্লাহ। কারণ জামায়াত একমাত্র আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য কাজ করে।
তিনি রোববার দিনভর নগরীর কানিশাইল, শেখঘাট ও যতরপুর এলাকা সহ বিভিন্ন বন্যা কবলিত এলাকা পরিদর্শণ ও বন্যাদূর্গতদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ কালে উপরোক্ত কথা বলেন। আমীরে জামায়াত দিনভর নগরীর বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন, বন্যাদূর্গতদের খোঁজ খবর নেন ও বন্যায় ক্ষতিগ্রস্তদের প্রতি সহমর্মিতা জানান।
বন্যা কবলিত পৃথক স্থানসমূহ পরিদর্শন ও ত্রাণ বিতরণকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জামায়াতের সহকারী সেক্রেটারী জেনারেল ও কেন্দ্রীয় ত্রাণ কমিটির প্রধান সমন্বয়ক এডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, সিলেট মহানগর জামায়াতের আমীর মুহাম্মদ ফখরুল ইসলাম, নায়েবে আমীর মাওলানা সোহেল আহমদ, সেক্রেটারী

মোহাম্মদ শাহজাহান আলী, জামায়াত নেতা মাওলানা আব্দুল মুকিত, জালালাবাদ থানা আমীর মুফতী আলী হায়দার, কোতোয়ালী পশ্চিম থানা আমীর মুহাম্মদ আজিজুল ইসলাম, কোতোয়ালী পূর্ব থানা আমীর হাফিজ মশাহিদ আহমদ, কোতোয়ালী পশ্চিম থানা সেক্রেটারী পারভেজ আহমদ, জালালাবাদ থানা সেক্রেটারী মাওলানা জুনাইদ আল হাবীব, সমাজসেবী এডভোকেট আজিম উদ্দিন, উবায়দুল হক শাহীন, ১০নং ওয়ার্ডের সম্ভাব্য কাউন্সিলার পদপ্রার্থী আব্দুল হাকিম, সমাজসেবী আব্দুল কাদির, নুরুল আলম, জামায়াত নেতা নাজমুল ইসলাম প্রমূখ।
এদিকে প্রতিদিনের ন্যায় রোববারও দিনভর জামায়াতের উদ্যোগে নগরীর বিভিন্ন এলাকায় বন্যাদূর্গতদের মাঝে ত্রাণ সামগ্রী ও রান্না করা খাবার বিতরণ করা হয়। ত্রাণ সামগ্রী ও রান্না করা খাবার বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে।